# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 13.03.24 Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) সি এ এ-র সঙ্গে এন আর সি জড়িয়ে রয়েছে বলে মন্তব্য করে মুখ্যমন্ত্রী আবারও এই আইনের উদ্দেশ্য নিয়ে প্রশ্ন তুলেছেন।

নাগরিকত্বের আবেদন করলে চাকরি চলে যাবে বলে মুখ্যমন্ত্রীর বক্তব্য পুরোপুরি অসত্য বলে দাবি করেছেন বিরোধী দলনেতা।

২) অস্থায়ী এবং দৈনিক ভাতা ও চুক্তিভিত্তিক কর্মীরা এবার অবসরের পর এককালীন ৫ লক্ষ টাকা আর্থিক সহায়তা পাবেন।

৩) "পিএম সুরজ" পোর্টালের সূচনায় এরাজ্যেও আজ জেলায় জেলায় বিপুল উৎসাহ চোখে পড়েছে।

৪) ভবানীপুরের ব্যবসায়ী ভব্য লাখানির খুনের ঘটনায় দু-জনকে গ্রেফতার করেছে পুলিশ। লালবাজারের হোমিসাইড শাখাকে এর তদন্তভার দেওয়া হয়েছে।

৫) ভারতীয় বিজ্ঞান কংগ্রেসের নতুন সভাপতি হয়েছেন পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের প্রধান গৌতম পাল।

oooooooooooooooooo

সংশোধিত নাগরিকত্ব আইন সি এ এ নিয়ে ফের কেন্দ্রের বিরুদ্ধে বৈষম্যের অভিযোগ আনলেন তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। আজ শিলিগুড়ির কাছে ফুলবাড়িতে প্রশাসনিক সভায় বিভিন্ন সরকারী প্রকল্পের সুবিধা, প্রাপকদের হাতে তুলে দেওয়ার পর উত্তরকন্যায় সাংবাদিকদের মুখোমুখি হয়েছিলেন তিনি। এদিনও মুখ্যমন্ত্রী বলেন, এই আইনে স্বচ্ছতা নেই। এন আর সি-র সঙ্গে যোগ রয়েছে সি এ এ-র। জেলাশাসকদের হাতে নাগরিকত্বের শংসাপত্র দেবার ক্ষমতা না থাকা নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

(বাইট)

জেলা শাসকদের নিয়ে একই প্রশ্ন তুলেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরীও।

(বাইট)

শিলিগুড়ির থেকে কলকাতা বিমানবন্দরে নেমেও সি এ এ-র বিরোধিতায় সরব হন মুখ্যমন্ত্রী।

(বাইট)

oooooooooooooooooooo

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, নাগরিকত্বের শংসাপত্র দেওয়ার ক্ষমতা জেলাশাসকদের হাতে না থাকা নিয়ে মুখ্যমন্ত্রীর বক্তব্যকে তীব্র কটাক্ষ করেছেন। নদীয়ার রানাঘাটে আজ এক জনসভার পর সাংবাদিকদের মুখোমুখি হয়েছিলেন তিনি।

(বাইট - জেলাশাসক)

শুভেন্দু জানান, সি এ এ সম্পর্কে সবাইকে অবহিত করার জন্য মতুয়া মহাসংঘের তত্বাবধানে শীঘ্রই বিভিন্ন এলাকায় শুরু হবে কর্মশালা।

জনসভাতেও সি এ এ নিয়ে মুখ্যমন্ত্রীর আশঙ্কা খারিজ করে দেন বিরোধী দলনেতা।

(বাইট – অন সি এম)

০০০০০০০০০০০০০০০০০০০

অস্থায়ী এবং দৈনিক ভাতা ও চুক্তিভিত্তিক কর্মীরা এবার অবসরের পর এককালীন ৫ লক্ষ টাকা আর্থিক সহায়তা পাবেন। আগামী ১ লা এপ্রিল থেকে রাজ্য সরকারের এই সিদ্ধান্ত কার্যকর হবে। অর্থদপ্তর থেকে বিজ্ঞপ্তি প্রকাশ করে জানানো হয়েছে, প্যারা টিচার, এস এস কে ও এম এস কে শিক্ষক, আশা, স্বাস্থ্যকর্মী, অঙ্গনওয়াড়ি সহায়িকা, সিভিক ভলান্টিয়ার, ভিলেজ পুলিশ, হোমগার্ড, অতিরিক্ত দমকলকর্মী সহ এই ধরনের কর্মীরা অবসরের পর এই সুবিধা পাবেন। কাজ অনুযায়ী ৬০ কিংবা ৬৫ বছর বয়সের পর তাঁরা অবসর নেন। আগে অবসরের পরে কোনও কোনও কর্মী পেতেন ২ লক্ষ, কোনও কর্মী পেতেন ৩ লক্ষ টাকা। কিন্তু এবার রাজ্য সরকারের আওতাধীন সব চুক্তিভিত্তিক, ক্যাজুয়াল, দৈনিক ভাতার কর্মীই ৫ লক্ষ টাকা করে পাবেন।

০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মেদিনীপুরের দাসপুরে ধূপের কারখানায় বিধ্বংসী অগ্নিকাণ্ডে কাজ হারানো ২-শো জন শ্রমিকের পরিবার পিছু রাজ্য সরকার মাসে আড়াই হাজার টাকা করে দেবে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ উত্তরবঙ্গ থেকে ফিরে কলকাতা বিমান বন্দরে সাংবাদিকদের জানান, নতুন করে যতদিন না কারখানাটি চালু হচ্ছে, ততদিন এই অর্থ সাহায্য দেওয়া হবে।

হুগলীর গুড়াপে গতকালের পথ দুর্ঘটনায় নিহত সাতজনের নিকট আত্মীয়দের ২ লক্ষ টাকা করে দেওয়ার কথাও ঘোষণা করেন মুখ্যমন্ত্রী।

oooooooooooooooooooo

বিকশিত ভারতের লক্ষ্যে সমাজের পিছিয়ে পড়া প্রান্তিক মানুষদের উন্নয়নে আজ সূচনা হল “পিএম সুরজ” পোর্টালের। এর মাধ্যমে তপসিলী জাতি উপজাতি ও অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের মানুষজন এবং সাফাই কর্মীরা ১ লক্ষ টাকা পর্যন্ত ঋণের সুবিধা পাবেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দিল্লি থেকে ভার্চুয়ালি দেশের ৫২৫ টি জায়গায় এই পোর্টালের উদ্বোধন করেন।

এর মধ্যে ছিল পূর্ব বর্ধমান জেলাও। এই উপলক্ষ্যে বর্ধমান টাউন হলে জেলার লিড ব্যাঙ্কের তরফে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখানে সরাসরি দেখানো হয় প্রধানমন্ত্রীর অনুষ্ঠান।

বাঁকুড়াতেও সূচনা হয়েছে “পি এম সুরজ” পোর্টালের। উপস্থিত ছিলেন স্থানীয় সাংসদ, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডাক্তার সুভাষ সরকার।

উত্তর দিনাজপুরে এই পোর্টালের উদ্বোধনকে ঘিরে স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের মধ্যে উৎসাহ ছিল চোখে পড়ার মতো।

জলপাইগুড়ির তিস্তা পর্যটক আবাসে পি এম সুরজ পোর্টালের আনুষ্ঠানিক সূচনায় হাজির ছিলেন কেন্দ্রীয় সংখ্যালঘু প্রতিমন্ত্রী জন বার্লা। আজ সেন্ট্রাল ব্যাঙ্ক থেকে এক কোটি ৩২ লক্ষ টাকার বেশি ঋণ পেলে ২৫-টি স্বনির্ভর গোষ্ঠী।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রীর বিকশিত ভারতের স্বপ্নকে সামনে রেখে মোদি কী গ্যারান্টি গাড়ি আজ পশ্চিম বর্ধমানে যাত্রা শুরু করল। আসানসোলে বিজেপি কার্যালয় থেকে এই যাত্রার সূচনা করেন দলের জেলা সভাপতি বাপ্পা চট্টোপাধ্যায়। তিনি জানান, দেশের উন্নয়নে গত ১০ বছরে মোদিজী যেসব কাজ করেছেন, তার বিবরণ তুলে দেওয়া হবে মানুষের হাতে। জনকল্যানমূলক প্রকল্পগুলি ভিডিওর মাধ্যমে তুলে ধরা হয়েছে এই মোদি কী গ্যারান্টি গাড়িতে। থাকছে একটি ড্রপবক্স।

আগামীদিনে দেশের উন্নয়নে কি করা প্রয়োজন তিন নিয়ে জনসাধারণ সেখানে মতামত জানাতে পারবেন। প্রতিটি বিধানসভা কেন্দ্র এলাকায় এই গাড়ি ঘুরবে বলে তিনি জানান।

oooooooooooooooooooo

একশ দিনের কাজ সহ বিভিন্ন প্রকল্পে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বঞ্চনার অভিযোগ তুলে আজ থেকে তৃণমূল কংগ্রেস নতুন প্রতিবাদ কর্মসূচি শুরু করেছে। "অধিকার যাত্রা" নামে এই কর্মসূচির আওতায় তৃণমূল কংগ্রেসের ৪২ জন প্রার্থীর সবাই নিজের নিজের লোকসভা কেন্দ্রে আগামী ১০ দিন বাড়ি বাড়ি যাবেন। আজ ঘাটাল, মেদিনীপুর, তমলুক, বালুরঘাট, আলিপুরদুয়ার, কোচবিহার এবং মালদা উত্তর ও দক্ষিণে এই প্রচার কর্মসূচি পালন করা হয়।

oooooooooooooooooooooooo

নিমতায় বিজনেস পার্টনারের বাড়িতে গিয়ে কলকাতার ভবানীপুরের ব্যবসায়ী ভব্য লাখানির খুন হয়ে যাওয়ার ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। বাড়ির ছাদে জলের ট্যাঙ্কের নীচ থেকে আজ ওই ব্যবসায়ীর বস্তাবন্দি দেহটি উদ্ধার হয়। পাওয়া গেছে তাঁর রক্তমাখা পোষাকও। ইটের গাঁথনি তুলে দেহ লোপাটের চেষ্টা হলেও পুলিশের তৎপরতায় তা সম্ভব হয়নি। সোমবার থেকে নিখোঁজ ছিলেন ওষুধের ব্যবসায়ী ভব্য। মাথায় ক্রিকেট ব্যাট ও উইকেট দিয়ে বারবার আঘাত করে তাঁকে খুন করা হয় বলে পুলিশের প্রাথমিক অনুমান। সেই ব্যাট ও উইকেটও উদ্ধার করেছে পুলিশ।

ঘটনার তদন্তে বালিগঞ্জ থানায় যান পুলিশ কর্তারা। পুলিশ কমিশনার বিনীত গোয়েল জানিয়েছেন, পরিকল্পনা মাফিক ভব্য লাখানিকে খুন করা হয়। ব্যবসায়ীক গন্ডগোলের জেরেই এই হত্যা। বিজনেস পার্টনার অনির্বান গুপ্ত ও সুমন দাস নামে দু-জনকে গ্রেফতার করেছে পুলিশ।

শিলিগুড়ি থেকে ফিরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও ভবানীপুরে ভব্য লাখানির বাড়িতে যান। তিনি বলেন, হত্যাকারীরা ধরা পড়েছে। কড়া ব্যবস্থা নেওয়া দরকার। খুনের  তদন্তভার নিমতা থানার কাছ থেকে নিয়ে লালবাজারের হোমিসাইড শাখাকে দেওয়া হয়েছে বলেও জানান মুখ্যমন্ত্রী।

০০০০০০০০০০০০০০০০০০০

ভারতীয় বিজ্ঞান কংগ্রেসের নতুন সভাপতি নির্বাচিত হলেন পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি ডঃ গৌতম পাল।  এর আগে ঐতিহ্যবাহী এই প্রতিষ্ঠানের সভাপতির পদ অলংকৃত করেছেন স্যার আশুতোষ মুখোপাধ্যায়, আচার্য প্রফুল্ল চন্দ্র রায়, সত্যেন্দ্রনাথ বোস, প্রশান্ত চন্দ্র মহালনবীশ, ডা বিধান চন্দ্র রায়, অসীমা চট্টোপাধ্যায়, পণ্ডিত জওহরলাল নেহরুর মতো ব্যক্তিত্ব। প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি হবার আগে তিনি কল্যাণী বিশ্ববিদ্যালয়ের সহ উপাচার্য ও ডিনের দায়িত্ব সামলেছেন। ফিজিওলজিক্যাল সোসাইটি অব ইন্ডিয়া এবং সাউথ এশিয়ান অ্যাসোসিয়েশন অব ফিজিওলিজিস্ট -এর সহ সভাপতির মতো বিভিন্ন দায়িত্বশীল পদেও আসীন ছিলেন গৌতমবাবু।

০০০০০০০০০০০০০০০০০০০

কোচির জওহরলাল নেহেরু স্টেডিয়ামে আজ আইএসএল ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট , কেরালা ব্লাস্টার্স এর মুখোমুখি হয়েছে।  একটু আগে পাওয়া খবরে জানা গেছে মোহনবাগান ১-০ গোলে এগিয়ে আছে। গোলা করেছে সাদিকু।

০০০০০০০০০০০০০০০০০০০